নিবেদন
Nibedan

দুর্গা পূজা ২০০৯ বিশেষ সংখ্যা

Durga Puja 2009 Special Issue

Volume 13, Issue 2
27 September 2009

Editor
Dr Amal Chakraborty

Design & Compose
Nirmal Chowdhury

Publisher
On behalf of-
Bangladesh Society for Puja & Culture Inc.
Dr Amal Chakraborty
Public Relations Secretary

Contact
Nibedan
PO Box 1151
Ashfield NSW 1800
prs_bspc@yahoo.com.au

Contact Phone

Amal Chakraborty	0422 473 881
Nirmal Paul	02 9863 2644
Nirmalya Talukder	0401 227 529

সম্পাদকীয়

যা দেবী সর্বভূতেষু মাতৃরূপেন সংস্থিতা
নমস্ত স্যৈ নমস্ত স্যৈ নমস্ত স্যৈ নমো নমঃ

শরতের শিউলী ফোঁটা সকালে সবাইকে শারদীয়া দুর্গোৎসবের আন্তরিক শুভেচ্ছা। বছর ঘুরে আবারও আমাদের প্রাণপ্রিয় সংগঠন 'বাংলাদেশ সোসাইটি – পূজা ও সংস্কৃতি'র (বি.এস.পি.সি) বাৎসরিক সার্বজনিন দুর্গোৎসব সিডনীর বাঙ্গালীদের মধ্যে আনন্দের উৎস নিয়ে উপস্থিত। পূজা সহ সংগঠনের অন্যান্য অনুষ্ঠানের সফল বাস্তবায়ন আমাদের নতুন প্রজন্মের সার্বিক অংশগ্রহনে ব্যাপক ভূমিকা রাখছে এজন্য আমরা মুগ্ধ। প্রতিবারের মত এবারও আমরা চেষ্টা করেছি আদ্যাশক্তি মহামায়ার শুভাগমনকে বিশেষ রূপে উপস্থাপন করতে। এসময়ে বৃহত্তর সিডনীর এপার–বাংলা ওপার–বাংলার বাঙ্গালীদের স্বতস্ফুর্ত উপস্থিতি বি.এস.পি.সি'র সার্বজনীন দুর্গোৎসবকে মহিমান্বিত করেছে।

অশুভ শক্তির বিনাশে এবং শুভ শক্তির বিকাশে দেবী মা দুর্গার আশীর্বাদকে সঙ্গে নিয়ে বি.এস.পি.সি'র মূখপত্র এবারের 'নিবেদন' প্রকাশ পেল। আমাদের এই অত্যন্ত সুপরিচিত 'মাধ্যমকে' প্রকাশ পেতে যাঁরা সর্বাত্মকভাবে সহযোগিতা করেছেন তাঁদেরকে জানাচ্ছি আমার আন্তরিক ধন্যবাদ। আমাদের নিয়মিত সনামধন্য লেখক–লেখিকা, বিশেষ করে অতিথিবৃন্দ যাঁরা তাদের সুন্দর উপযোগী লেখার মাধ্যমে এবারের 'নিবেদন'কে সমৃদ্ধ করেছেন তাঁদের কাছে কৃতজ্ঞ আমি। ধন্যবাদ জানাচ্ছি। আমাদের নতুন প্রজন্মের ছোট ছোট ছেলে–মেয়েদের লেখা আমাদের ভালকাজের অনুপ্রেরণার মূল উৎস, ওদেরকে জানাচ্ছি আমার আন্তরিক অভিনন্দন। সর্বোপরি সোসাইটির সকল সম্মানিত সদস্য–সদস্যাগন, নির্বাহী কমিটির সকল সম্মানিত সদস্য–সদস্যা এবং বিজ্ঞাপনদাতা যাঁদের কারনে এই প্রকাশনা সম্ভব হয়েছে তাঁদেরকে আমার আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে নিবেদন করছি এবারের 'নিবেদন'।

– ডঃ অমল চক্রবর্তী

এ বিশেষ সংখ্যায়

সম্পাদকীয়	১
শুভেচ্ছা	২
মহাদেবী মহামায়া – *লিটু পোদ্দার*	৪
মূর্তি ভাঙ্গা বন্ধ না হলে..... – *অজয় দাশগুপ্ত*	৫
My Abandoned Love — *Shashanka Das*	৫
Durga Puja in the Life of Bangali... - Birupakha Paul	৬
চন্ডী বন্দনা – *রীতা সাহা*	৬
মাতৃরূপেণ সংস্থিতা – *ডঃ রতন কুন্ডু*	৬
অষ্টমী পূজো – *দীপ্তি চক্রবর্তী*	৭
সোসাইটি সংবাদ	৮
কাঁই না না, কাঁই না না...– *অরুণ চক্রবর্তী*	৯
জহরদার বিয়ে – *অশোক রায়*	১০
বাংলা সাহিত্যে Parody – *ডঃ সন্তোষ কুমার রায়*	১১
CPCL News	১২
Youngsters Page	13

Executive Committee

President
Mr Nirmal Paul
☏ 02 9863 2644

Vice President
Mr Nirmal Chowdhury
☏ 02 9672 7117

General Secretary
Mr Nirmalya Talukder
☏ 0401 227 529

Assistant General Secretary
TBA
☏

Treasurer
Mr Utpal Shaha
☏ 02 9666 8587

Cultural Secretary
Mr Dhruba Bhowmik
☏ 0433 135 077

Publications Secretary
Dr Amal Chakraborty
☏ 0422 473 881

Executive Members
Dr Nilima Paul
☏ 02 9863 7377

Mrs Puspa Rani Paul
☏ 02 9311 0795

Dr Ashutosh Barai
☏ 02 9661 6948

Dr Ratan Lal Kundu
☏ 02 9311 2626

সভাপতির নিবেদন

দেবী দুর্গা দশভূজা, দেবী অসুরমর্দিনী, দেবী সত্য ও ন্যায় প্রতিষ্ঠায় সৃষ্টি ও শিষ্টের লালনে শত্রুসংহারকারিনী মূর্তিমান। আদ্যাশক্তি দেবী মাতৃরূপিনী–দেবী মহামায়া, সংযমী, দেবী মা দূর্গা দৈত্যরোধে যুদ্ধাংদেহী। দেবী নৈতিকতার চরম অবক্ষয়রোধে কঠোর, অথচ সৌন্দর্য ও শালীনতা রক্ষণশীলতায় তুলনাহীন। অন্যায়, অবিচার, অহংকার, হিংস্রতা ও অমানবিকতা প্রতিরোধে মাতৃরূপিনী দেবী ঐক্যবদ্ধ, ধীর ও বুদ্ধিদীপ্ত, তবে রণকৌশলী, নির্ভিক এবং বিজয়িনী। অসুরত্ব, অন্যায় ও অসত্য এ ভবধামে ক্ষণস্থায়ী। সত্য ও ন্যায় অবিনস্বর, অপ্রতিরোধ্য ও চিরস্থায়ী, তবে সময়সাপেক্ষ।

পবিত্র এ দিনের পূণ্যতিথিতে আসুন সকলে রণবেশী দেবীর মূর্তমান দৃশ্যের ন্যায় আমাদের অন্ত ও আন্তস্থিত অসুরত্ব শক্তিকে দমন করার লক্ষ্যে ঐক্যবদ্ধ হওযার শক্তি র্অজনের বর প্রার্থনা করি এবং আমাদের এই সুন্দর সমাজ ও সৃষ্টিকে করে তুলি উপভোগ্য ও আনন্দমূখর।

দেবী মহামায়ার আশির্বাদ সোসাইটির সদস্য–সদস্যাসহ সকলের জন্য বিবাদ ও বিভেদ অতিক্রম করে কল্যান ও সুমতি বয়ে আনুক, এটাই হউক দেবীর শ্রীচরণে সম্মিলিতভাবে আমাদের আজকের প্রার্থনা।

নির্মল পাল

Greeting from the General Secretary

We welcome you to rejoice our devout ritual “Ma Durga Puja”. In spite of living in a multicultural society, we have been able to nourish our religious values and customs. Like every year, we have arranged celebration of ‘Ma Durga Puja’ festival this year with broader perspectives, especially by arranging the events of the day at ‘Ma Durga’ Temple.

‘Ma Durga’ is the symbol of victory over the evils and is the ‘Goddess of Strength’ for establishing peace and harmony. Peace is very much necessary for living. I thank all of you for joining us on this religious day for praying to ‘Ma Durga’. I believe that your presence will encourage us and our new generation to contribute to build a peaceful Society, where we all can live in harmony with others.

I thank members of our Society for their valuable participation and contribution to make this sacred ritual successful. Hope we all will enjoy and will be blessed by “Ma Durga”.

Nirmalya Talukder

Durga: Goddess of Power against Evil

পূজো মানে কি?

পূজো মানে নীল আকাস, শীতল হাওয়ায় শিউলির সুবাস,
পূজো মানে পথ চাওয়া... কোন আপনকে ফিরে পাওয়া,
ভোরের বেলায় শিশির ছোঁয়া।

পূজো মানে পাগল মন., অবুজ কিছু, চন্‌মন্‌।
নতুন কাপড়ের কড়কড়ানি, আর মহালয়া–ই মা কে বরণ।
পূজো মানে হাসির ছোটা, কল কল কথা আর সাজাগোজা।
মায়ের কাছে আবদার, আর গরম পূজোর বাজার।

পূজো মানে আকাসের গায়ে, পেঁজা তুলোর মত ভাসা
নতুন বছরের জন্য প্রাণ ভরে নেয়া আসা,
ধুনোর গন্ধে ঢাকের বাদ্যি আর অষ্টমীর অঞ্জলি।
প্রার্থনা আর পাড়ায় পাড়ায় আগমনি,
পুজো মানেই, বন্ধু আমার বাঙ্গালীর প্রাণ,
পূজো মানে আমাদের সম্মিলিত গান।

(সংগৃহীত)

মহাদেবী মহামায়া

– লিটু পোদ্দার

মার্কেন্ডেয় পূরাণের অন্তর্গত চন্ডীতে উল্লেখ আছে, তুমি দুর্গম ভবসাগরে নৌকা– স্বরূপ বলেই দুর্গা– "দুর্গামি দুর্গ ভবসাগর নৌরসঙ্গা" অর্থাৎ দুস্তর সংসার সমুদ্রের নৌকা। আরো উল্লেখ আছে, ভব দুর্গম সাগর যিনি পার করান তিনি দুর্গা– "দুর্গায়ৈ দুর্গাপরায়ৈ"।

আবার তিনি দুর্গম নামক এক দস্যুকে বধ করে দুর্গাদেবী নামে খ্যাত হন– এর উল্লেখ চন্ডীতে রয়েছে। দুর্গা শব্দের উৎপত্তি সম্বন্ধে কোন কোন পন্ডিত মন্তব্য করেছেন যে, দুর্গ রক্ষাকারিনী দুর্গের অধিষ্ঠাত্রী দেবী হলেন দুর্গা। দেবী পূরাণের দুর্গাস্তব উল্লেখ্য– "ত্বং হি দুর্গে মহাবির্যে দুর্গে দুর্গ পরাক্রমে" ইত্যাদি। দেবী ভাগবতে– "নগরেহত্র ত্বয়া মাতাঃ স্থাতর্ব্যং মায়া সর্বদা"। পূরাণে এবং দেবী ভাগবতে আমরা লক্ষ্য করছি যে, এই মহাদেবী দুর্গা নগরপালিকা এবং এক শক্তিময়ী মহাদেবীরূপে আবির্ভুতা, এক মহাদেবী–রূপ পরিগ্রহ করেছেন দুর্গাদেবীরূপে।

দেবী পূজার ইতিহাসে দেবীর রূপ–বৈচিত্রে দেখতে পাই পার্বতী উমার ভাবটি যা শাস্ত্রধারিনী, অরিমর্দিনী রূপের মধ্যে লক্ষ্য করা যায় না। উমার ভাবটি প্রথমে কণ্যারূপে, পরবর্তীতে জননী এবং স্নেহময়ী মাতারূপে। কিন্তু এ মহাদেবীর রূপটি হলো ভয়ঙ্করী, রণোন্মাদিনী, অসুরদলনী ইত্যাদি। দেবী দুর্গার এই ভাবের বিকাশ ঘটেছে দুর্গা, চন্ডী, কালী প্রভৃতির মধ্যে। এভাবে সর্বাধিক প্রকাশ চন্ডীরূপে। চন্ডীশাস্ত্রে এক পরমাদেবীর মাহাত্ম বর্ণনা লক্ষ্য করা যায়।

এই দেবী কখনও ভগবতী, পরমেশ্বরী দুর্গা, অম্বিকা প্রভৃতি নামে বর্ণিতা। আবার গৌরদেহী বলে আখ্যাতা। আবার ভীমা, ভ্রামরী ইত্যাদি নামেও পরিচিতা। চন্ডীতে আমরা উমা নামের কোন উল্লেখ দেখি না, তবে পার্বতী নামের উল্লেখ আছে। এখানে পর্বতকণ্যা পার্বতী রূপে নয়, পর্বতবাসিনী পার্বতীরূপে পার্বতী উমা ধারাটি এখানে স্বতন্ত্র বলেই মনে হচ্ছে।

চন্ডীগ্রন্থে তিনটি প্রধান ঘটনায় দেবীর মহিমা প্রচারিত হয়েছে। প্রথম– দেবীর সহায়তায় বিষ্ণু কর্তৃক মধু–কৈটভ অসুর নিধন, দ্বিতীয়– স্বয়ং দেবী কর্তৃক মহিষাসুর বধ, এবং তৃতীয়– শুম্ভ–নিশুম্ভ বধের সময় দেবীকে হিমালয়বাসিনী হিসাবে উল্লেখ করা হয়েছে। এইটুকুই হিমালয়ের সঙ্গে দেবীর সম্পর্ক। পার্বতী উমার রূপটি এখানে মোটেই স্পষ্ট নয়।

চন্ডীতে দেবী শিবশক্তি হিসাবে তেমন পরিচিতা নন। মধু–কৈটভ বধের সময় দেবী হলেন জগৎপতির যোগনিদ্রা– যোগমায়া। এই যোগনিদ্রা জগৎপতি বিষ্ণুর স্ত্রী মিত্বারূপা নিত্যাশক্তি, স্তিমিতাশক্তি ক্রিয়াহীনা। কাজেই স্তরের দ্বারা ব্রহ্মা এই শক্তিকে নিস্তরঙ্গা দেবীকে জাগ্রত করলেন। এর ফলে অসুর নিধন ক্রিয়া সম্ভবপর হল।

এই স্তৈমিত্ব চন্ডীতে উল্লেখ করা হয়েছে। এই স্তৈমিত্বরূপিনী নিস্ক্রীয়া সমবায়িনী শক্তি বিষ্ণুর নিদ্রা–শক্তি। এখানে শক্তির বোধনের দ্বারা শক্তিকে তরঙ্গময়ী করে তুলতে পারলেই জগৎস্বামী ক্রিয়াশীল হবেন। ব্রহ্মাস্তরের দ্বারা বিষ্ণুদেহ হতে এই শক্তিকে জাগ্রত করেছিলেন বলে অসুর বিনাস সম্ভব হল।

দেবী দুর্গা বিষ্ণু–শক্তিরূপে বিশেষভাবে পরিগণিতা। চন্ডীতে কত নামেই এ দেবীর বর্ণনা করা হয়েছে। যেমন– স্বাহা, স্বধা, মহাবিদ্যা, মহামায়া, মহামেধা। আবার তিনি প্রণয়রূপা, সাবিত্রী, দেবজননী, সৃষ্টি–স্থিতি–সংহার–কারিনী। তিনি আবার ত্রিগুণাত্বিকা প্রকৃতি কালরাত্রি (ব্রহ্মার লয়কারিনী), মহারাত্রি (জগৎ লয়কারিনী), এবং মোহরাত্রি (জীবের লয়কারিনী)। এই দেবী আবার মার্গনীঃ শুলিনী, খোরা, গদিনী, চক্রিনী ইত্যাদি। এ থেকে বুঝা যাচ্ছে বিষ্ণু শক্তি অসুরনাশিনী দেবীর সঙ্গে যুক্ত হয়েছে। দেবীর অসুরনাশিনী রূপের মধ্যে মহিষাসুর–মর্দিনী রূপটি অতি প্রাচীন এবং প্রধান। শারদীয় দুর্গা–পূজায় এই মহিষাসুরমর্দিনী রূপটি প্রাধান্য লাভ করেছে।

এবার একটু অন্য প্রসঙ্গে আসি। আমাদের সকলের মধ্যেই কিছুটা দুর্যোধন, কিছুটা যুধিষ্ঠির, আবার আমরা অনেকেই অন্ধ ধৃতরাস্ট্র। আমাদের পরিবার, সমাজ, রাজনীতি.... জীবনের সবটায় আজও মহাভারতের প্রতিবিম্ব।

গীতার সবচেয়ে বড় বৈশিষ্ট হলো শেষের শ্লোকটাতে। বর্ণাশ্রম ধর্ম, নিস্কাম কর্ম ইত্যাদি নানা কিছুর পর শ্রীকৃষ্ণ বললেন– "যথেচ্ছমি তথা কুরু"। হে অর্জুন, অনেক কথা বললাম। এবার ঠিক–ঠাক বিচার করে যা ইচ্ছা তাই করো। এর থেকে বড় গনতন্ত্র কোথায়? গনতন্ত্রে তো বিরোধীরাও থাকে। যুক্তি এবং বিতর্কই গনতন্ত্রকে প্রসারিত করে।

প্রত্যহ প্রাণীদের মৃত্যু হয়, তবু অবশিষ্টেরা চিরকাল বাঁচতে চায়। এর চেয়ে বড় আশ্চর্য আর কী হতে পারে? দুর্দান্ত! মহাভারতের শেষটা ভাবুন। যুধিষ্ঠির দেখছেন, দুর্যোধন স্বর্গে আর তার আপন ভাইয়েরা এবং দ্রৌপদি নরকে। আমিকি স্বপ্ন দেখছি? চেঁচিয়ে ওঠেন তিনি। অস্তিত্বের হাহাকার।

এই পৃথিবীতে ভাল কাজ করলেই ভাল ফল হয় না।

BSPC believes in and Values Mutual Respect, Friendliness, and greater Unity among Members. Let us work together in building a strong BSPC Organization.

মূর্তি ভাঙ্গা বন্ধ না হলে সম্প্রীতিও হবে না

– অজয় দাশগুপ্ত

আওয়ামী লীগ ক্ষমতায় এলে কতগুলো অঘটন ঘটবেই। কিছু অনিয়ম অনাচার ক্রোধ উন্মত্ততাও নিয়ম হয়ে আসে। অগ্নিকাণ্ড হবে, সর্বহারা তথা অতি বিপ্লবীর নামে দক্ষিনাঞ্চলে নাশকতার ঘটনা ঘটবে, জায়গায় জায়গায় জঙ্গীবাদের চর্চা বাড়বে, হঠাৎ বেড়ে যাবে ধর্মীয় জোস এবং সাম্প্রদায়িকতা। বঙ্গবন্ধুর শাসনামল থেকে শেখ হাসিনার দু'দুবার ক্ষমতায় দেখলাম আরও একটি ব্যাপার এখন নিশ্চিত। সংখ্যালঘু নামে পরিচিত হিন্দুদের মূর্তিভাঙ্গাও বাদ যাবে না।

ঈদ এখন দুয়োরে। সিয়াম সাধনার পবিত্র মাসটির পর শুরু হবে ঈদ উৎসব। এবার ঈদের পর পরই শারদীয় দুর্গাপূজার তিথি পড়েছে, ফলে ঈদ ও পূজার বাজার জমে উঠেছে যৌথ ভাবে। বাঙালি হিন্দুর ঘরে ঘরে শারদ উৎসবের ডাক্। মহালয়া পেরিয়ে ষষ্ঠী, অতঃপর দেবীদুর্গার আগমন। নিয়ম মাফিক প্রতিমা নির্মানের কাজও শেষ হবার কথা, অথবা শেষ পর্যায়ে। মূর্তি নির্মানের অপূর্ব আনন্দ যুগপৎ শৈল্পিক ও ধর্মীয়। হিন্দু ঘরে জন্মাবার সুবাদে ছেলেবেলা থেকে মূর্তি বানানোর নৈশকালীন স্মৃতি রয়েছে। সে এক আনন্দঘন অভিজ্ঞতা। আগের দিনে জমিদার নামে পরিচিত ধনী হিন্দুদের বাড়ীতেই পূজা হতো। দুর্গাপূজা নিঃসন্দেহে ব্যয়বহুল। পাঁচদিন ব্যাপী, কোন কোন ক্ষেত্রে ছয় সাত দিন পর্যন্ত চলে এই আনন্দ আয়োজন। সকালে, মধ্যাহ্নে ও রাতে সমাগত অতিথি আপ্যায়ণ, প্রসাদ বিতরণ, ঢাক ঢোল, নৈবেদ্য আর শাস্ত্রাচার নিতান্তই ব্যয় সাপেক্ষ। ফলে সার্বজনীন পূজা অর্থাৎ দশে মিলে করা ব্যতীত দুর্গাপূজার ব্যক্তি আয়োজন খুব একটা চোখে পড়বে না। তবে সে জমিদার বাড়িতেই হোক আর কারিগরের কর্মশালাতেই হোক দেবী ও তাঁর পুত্র কন্যা, অসুর, মহিষ, সিংহ নির্মানের ধূম পড়ে শারদ উৎসবের অনেক আগে থেকেই। গ্রাম বাংলায় এ এক বিরল অভিজ্ঞতা। রাতের অন্ধকার ফুঁড়ে আকাশে জুড়ে থাকে রূপালী থালার মতো চাঁদ। যতদূর চোখ যায় শিশির ভেজা মাঠ, বিন্দু বিন্দু মুক্তো দানার মতো চক চক করে উঠা ঘাস, কোথাও মৃদু ঢাকের শব্দ, অথবা একটানা ঝিঁঝির আওয়াজ, এর ফাঁকে চলে প্রতিমা নির্মান। স্কুল কলেজ এমনকি শিশুপাঠে হাতেখড়ি হয়নি এমন মৃৎশিল্পীদের যাদুর ছোঁয়ায় প্রতিমা হয়ে উঠে জীবন্ত। দুর্গার মুখ খানি দেখে মনে হয় এ যেন চির চেনা কোন জননী। যেদিন তাঁর শরীরে রং লাগে, চোখে মুখে তুলি দিয়ে শিল্পী অথবা কারিগর শেষ বার স্পর্শ বুলিয়ে দেয়, মনে হয় যেন সত্যি জেগে উঠলেন তিনি।

সবাই বলেন আমরা এগুচ্ছি। বিশ্বায়ণে খুলে যাওয়া পৃথিবী দেখে সভ্য ও শিক্ষিত হচ্ছে মানুষ। সত্যি কি তাই?

পূজো যখন আসি আসি করছে ঠিক তখনই শুরু হয়েছে প্রতিমা ভাঙ্গার তান্ডব উল্লাস। কাগজে দেখলাম দিনাজপুর ও অন্যান্য অঞ্চলে বিচ্ছিন্ন ঘটনায় প্রতিমা ভেঙ্গে দেয়ার উত্তেজক খবরাখবর। ঐ যে বলছিলাম আওয়ামীলীগ ক্ষমতায় এলেই তা হয়। হতে থাকে। প্রগতিশীলরা বলেন, প্রগতিকে বেগতিক করে তোলার জন্য জঙ্গীবাদীদের চক্রান্ত। মানলামই না হয়। কিন্তু কাঁহাতক? বায়াত্তরে যা সম্ভব ছিয়ানব্বইয়েও তা সম্ভব, এমন কি দু'হাজার নয় সালেও? প্রশাসন কি আঙ্গুল চোষেন? না চোখে ঠুলি দিয়ে ঘুমোতে যান? যে সরকার বা প্রশাসন জানে যে এমনটা হতে পারে, তারা কি কেবল জুজুর ভয় দেখিয়ে সাত খুন মাফ পেয়ে যাবেন? এ বড় ব্যর্থতা! এ বড় অপমানের বিষয়।

বাঙালি হিন্দুর একার নয়, এ অপমান প্রগতিশীল বাঙালির। শারদীয় দুর্গাপূজা অনেক কাল থেকে সার্বজনীন শারদ উৎসবে পরিণত হয়েছে। শহরে, ন গরে, গ্রামে, বন্দরে এর রূপ এর সংশ্লিষ্টতা, জাতীয় জীবনে এর প্রভাব দেখলেই তা বোঝা যাবে। জননী সেতো একক কোন সম্প্রদায়ের মা নয়। তাছাড়া মূর্তি ভাঙ্গার অহেতুক উত্তেজনাতো কেবল ধর্মে নয়, জাতীয় ভাস্কর্যেও দৃশ্যমান। তাকে গুঁড়িয়ে দেয়ার কারন কি, কি এর নেপথ্য মনস্তত্ব?

এ কি অপ–উত্তেজনা? এ কোন ধরনের ধর্মচিন্তা? বাঙালি কারিগর মাটির প্রতিমায় জননীকে মূর্ত করতে চায়। মাটি রং তুলি ও কাদায় তৈরী হয় শিল্পের অনন্য প্রতিমা। কারা তাকে ধ্বংশ করতে চায়? কারা তা দুমড়ে মুচড়ে দিয়ে ভেঙ্গে দিতে চায় সম্প্রীতির অটুট বন্ধন? এরা অচেনা নয়, অজানা কেউ নয়। আমাদের মধ্যে ঘাপটি মেরে থাকা এই শয়তানেরাই নাম মাত্র মূল্যে জমি কিনে নিয়ে হিন্দুদের ভারতে পাঠায়, তাদের কন্যা জায়া জননীর প্রতি লোভের হাত বাড়ায়। এরাই ভোট বা অন্য কোন রাজনৈতিক কারনে দাঙ্গা বাধায়, আদিবাসীদের ভুমি লুণ্ঠন করে। সুবিধামতো কাদিয়ানী আমেদিয়া ফতোয়া তুলে বিধর্মী জিকিরে ফায়দা নিতে চায়। আমাদের নারী জাতির তথা মা বোনদের প্রতি এদের আছে অশ্রদ্ধা আর জন্মগত ক্রোধ। নারীর উত্থানে ভীত, মায়ের শক্তিতে উদ্বিগ্ন, ভয়ার্ত সাম্প্রদায়িক ধর্মান্ধরা মূর্তি ভেঙ্গে সে সত্যই প্রতিষ্ঠা দিচ্ছে। দিন বদল বা সময় বদল করতে হলে এদের নিশ্চিহ্ন করার বিকল্প নেই। শারদীয় দুর্গা উৎসবের আগে এমন ঘৃণ্য কাজ যেন আর একটিও ঘটতে দেয়া না হয়। ভয়হীন স্বাধীন উৎসব আচরণ ব্যতীত সম্প্রীতি বা দেশ গড়ে তোলা কোনটাই সম্ভবপর নয়।

dasguptaajoy@hotmail.com; 19/09/09

My Abandoned Love

- Shashanka Das

My sweet heart!
I saw you running,
Possibly you were roaming...
You were so cute.
My heart was warming-
to love you at once.
I was fearing you could be others'!
I was pursuing to make you ours.
You look at me with
the eyes of love!
Could be, you also wandering me?
Lastly you were mine.
I bought you.
It was my puppy
He was Pue.

Durga Puja in the Life of Bengali Hindus

- Birupaksha Paul

Why are Bengalis so passionate about celebrating Durga Puja? Why is Durga Puja the greatest religious festival among Bengali Hindus? If we were to discuss the answers to these questions thoroughly, we would probably end up writing a book. Instead, this writing intends to touch only a few vital points in regards to the popula-rity of Durga Puja among Bengali Hindus.

The historical origin of Durga Puja goes back to the age of Rama Chandra. While fighting with Ravana, who was favored by the goddess Durga, Rama found it difficult to win the war. It was clear to Rama that Ravana would remain invincible as long as Devi Durga continued to protect her devotee, Ravana. Hence, Rama decided to worship the goddess Durga in order to win her favor. Pleased by the devotion and rationality of Rama, Durga gave Rama the power to win the war against Ravana. Since then, worshiping Durga has become a symbol of recovering from distress and sufferings of all sorts.

Bengali Hindus liked this symbol more than any other races in India. As Bengalis are generally introverted, they become easily fragile in the face of adversities. They find a better peace of mind in worshiping such a spiritual power as Durga, who is specialized in protecting her disciples and eradicating all sufferings from their lives. The name 'Durga' originates from the word 'Durgati' which means distress, sufferings, or misery. Durga is believed to destroy all these dangers and afflictions in the lives of her devotees.

Although Bengali Hindus did not belong to a matrimonial society, the 'mother,' which they call '*Ma*' occupies a central and emotional place in their psychology. While the 'father' symbolizes financial security, the 'mother' signifies a lovely and emotive existence in life. *Ma* is the symbol of attachment, care, the deepest feeling along with respect, emotion, and what not! Hence, worshiping a power in the form of *'Ma'* gives a special enrichment to the hearts of Bengali Hindus.

This autumn festival in celebration of Durga Puja enables Bengalis to arrange family reunions and re-vitalize family ties in a joyful way within their cultural milieu. The devotees feel a sense of security, love, and virtue in the rituals of Durga Puja. The great goddess symbolizes strength and motherhood in a unique way to her followers. That is why Bengali Hindus are so passionate about celebra-ting Durga Puja.

[Cortland, NY, August 27, 2009]

চন্ডী বন্দনা

– রীতা সাহা

যে অসুর মানুষের মনের সুরকে
করে দেয় নষ্ট, যাদের বৈরিতা
দগ্ধ করে তোলে মানুষের হৃদয়,
সেই অন্তর্গত অসুরকে তুমি নাশ করো।

যে আসুরিক প্রতিপত্তি
মন থেকে মুছে দেয় প্রিয় মানুষের ছবিগুলো
সারল্য কেড়ে নেয় আর
তীব্র ভাবে নষ্ট করে মানুষের বাগানে ফুল ফোটানো–
সেই আসুরিক দর্প তুমি হরণ করো।

যাদের কর্কশ কলরবে
পূর্ণ আজ পৃথিবীর সুন্দর গানগুলো
যাদের রক্তচক্ষুর ইশারায় মানুষ আজ
কম্পিত, আত্মবিবরমুখি–
প্রচন্ড গর্জনে আর অসীম সাহসে
তুমি তাদের করে দাও নীরব, নিথর।

মানুষের অন্তরের অসুরকে
নিধন করবার শক্তি যার হাতের মুঠোয়–
সেই অন্তরতর, প্রচন্ড চন্ডিকার জন্য
প্রণাম সহস্রবার।

মাতৃরূপেন সংস্থিতা

– ডঃ রতন কুন্ডু

শোনেন শোনেন সুধীজন
মায়াবতী মায়ের কথা
জন্মের পরে প্রথম বুলি
আপদ–বিপদ–শোকে দুঃখে

মা বল, মাম বল
সারা বিশ্বে একই ডাক
মায়াময়ী স্নেহভরা
পরম নিশ্চিন্ত শিশু

আহার বল নিদ্রা বল
মাতা তাই সদা হাস্য
সন্তানের দুঃখে কষ্টে
ব্যথা দূর করেন মাতা

মাতৃময় এ রূপ শুধু
বিশ্বব্যাপী প্রাণী কুলেও
উচ্চকিত সারাক্ষণ
নিশিদিন প্রতিদিন

মায়ের বিকল্প কিছু
মাতৃরূপ অপরূপ
মায়ের করুণা কথা
অন্তরের আত্মা দিয়ে

মাতৃরূপ নিয়ে তাই
এক দেবী আসে যায়
সবারই মাতা তিনি
বিশ্বশান্তি ফিরে পেতে

শোনেন দিয়া মন,
করিব বর্ণন।
মা দিয়ে হয় শুরু,
মা'ই কল্পতরু।

মাম্মি বল তারে,
বাজে বারে বারে।
মায়ের এই কোল,
আধো আধো বোল।

মায়ের কোলেই হয়,
পরম আশ্রয়।
মায়ের কষ্ট হয়,
জরা, মৃত্যু, ভয়।

মানুষ কুলেই নয়,
মায়েরই হৃদয়–
সন্তানের কুশলে,
তাদেরই মঙ্গলে।

এ জগতে নাই,
মায়ের কোলেই ঠাই।
বর্ণন না যায়,
বুঝে নিতে হয়।

বাহিরে অন্তরে,
পবিত্র অম্বরে।
অসুরনাশিনী
তাকেই প্রণমি।

অষ্টমী পূজো

– দীপ্তি চক্রবর্তী

জানালা খুললেও দীপার ঘর থেকে পার্ক দেখা যায়। সুন্দর সাজানো পার্ক। ভোরবেলা ঘুম থেকে উঠেই দু–চোখ ভরে পার্কটিকে দেখা দীপার অভ্যাসে দাড়িয়ে গেছে। নিঃশ্বাস নেয় প্রান ভরে। আজ বেল, শিউলির গন্ধে ম–ম করছে বাতাস। পূজো আসছে তাই আকাশে বাতাসে চেনা গন্ধ।

পূজো যেমন আনন্দের তেমনি দুঃখেরও। পুরনো দিন বড়ো বেশী মনে পড়ে। মা–বাবা, কাকু–কাকীমা, ঠাকুমা –দাদু সবাই যেন উঁকি মারে স্মৃতির আনাচে–কানাচে। মনে পড়ে যাঁরা আর নেই। যে দিনগুলি চলে গেছে তাকে তো মুছে ফেলা যায়না। মনে পড়ে ছোটবেলার কথা। পূজোর মাত্র পনেরো দিন বাকী। জামা–কাপড়, জুতো, ফিতে সব কেনা সারা। জুতোর বাক্স নিয়ে আদিক্ষেতার কথা মনে পড়লে এখনো হাঁসি পায়। জুতো জোরা বার বার শুঁকে বালিশের পাশে সন্তর্পনে রেখে দেয়া, বাড়ীতে যে–ই আসে তাকে বার করে তা দেখানো... এসবতো সবার ছোটবেলারই কথা।

দীপা চিরদিনই বিশেষ বিশেষ দিনগুলি বিশেষ বিশেষভাবে উপভোগ করতে ভালবাসে। এখানে আসার কয়েক বছর পর থেকে দীপা পয়লা বৈশাখের প্রাক ভোরে মন্দিরে যায়। সঙ্গে অলোক। সেখানে মন্ত্রোচ্চারণে সূর্য্যবন্দনা, কোলাকুলি, চা–মিষ্টি এক স্মৃতি সেদুর ভালোলাগায় মনটা ছেয়ে যায়। যেন স্নিগ্ধতায় স্নান করে ওঠে। অবশ্য পরিচিত অনেকেই এসবের গুরুত্ব দিতে চায়না। রবীন্দ্র জয়ন্তীতেও অনুষ্ঠান দেখতে ভালবাসে। অলোকের অশেষ কাজ থাকলে নিজেই রবীন্দ্রনাথের ছবিতে মালা–চন্দন পরিয়ে বন্ধুদের নিয়ে গান–বাজনা কবিতা পাঠের আসর বসায়। দোলের দিনেও নানা রঙে রঙীন হতে ভালো লাগে। সরস্বতী পূজোর দিন বাসন্তি রঙে সাজায় নিজেকে।

দীপাকে আজ ভাবুকতায় পেয়ে বসেছে। কোন কাজই করতে ইচ্ছে করছে না। মায়ের কথা মনে পড়ছে। বাবা ডাক্তার, সারাক্ষণ রুগী নিয়েই ব্যস্ত। মাকে ঘরের কাজ বাইরের কাজ সবই করতে হয়। দীপার নিজের ভাইবোন ছাড়াও খুড়তুতো–জেঠতুতো, দাদা–দিদিতে ভরা সংসার। কম্পাউন্ডার কাকু ও তার ছেলে–মেয়ে, পাশের বাড়ীর হারু কাকুর ছেলে–মেয়ে মা সবার জন্য কেনেন নতুন জামাকাপড়। বাবার আদেশ ছিল– নিকট আত্মীয়রা সবাই যেন পূজোয় নতুন জামাকাপড় পরে। এ ছাড়া নানারকম খাবার বানাতে হয় মাকে। তিলের নারু, নারকেল নারু, নানারকম মোয়া, বরফি, নিমকি, গজা ইত্যাদি। বাবা মজা করে বলতেন পূজোর দিনে ছেলেমেয়েরা হেঁসেলের যেখানে হাত বাড়াবে সেখানেই খাবার পাবে, এই না হোলে পূজো। বাবার এই ইচ্ছাপুরণেরই যেন মায়ের তৃপ্তি। মাকে তাই পূজোর দিনকটিতে ভীষণ ব্যস্ত থাকতে হয়। অন্যান্যরা সাহায্য করলেও মা–ই বেশী কাজের দ্বায়িত্ব নেন। মায়ের এই ব্যস্ত মুখটা দেখতে দীপার খুব ভাল লাগে। মা যেন অন্নপূর্ণা। ঠাকুমার কাছে শুনতো অন্নপূর্ণা নাকি সবার খাবার যোগান–মা ও তাই।

বড়ো হবার পর ষষ্টী, সপ্তমীতে নিজের ইচ্ছেমতো পোষাক পরে, কিন্তু অষ্টমীর দিন মা বলেন– 'লাল পাড় সাদা শাড়ী পরো, আর কপালে লাল টিপ। দেখবে কেমন ঠাকুর ঠাকুর দেখতে লাগবে তোমায়। এতে এক সুচিস্নিগ্ধ রূপ প্রকাশিত হয়।' মায়ের কথার গভীরতা বুঝতে পারেনা। মা–ও এমনই সাজেন শুধু আঁচলে তার চাবির গোছা। নবমীর দিন সবাই মিলে ঠাকুর দেখতে যাবার পালা। বাবা এই একটি দিনই চেম্বার বন্ধ রাখেন। গাড়ী না থাকায় কখনো রিক্সায় কখনো হেঁটে ঠাকুর দেখা হয়। ঠাকুর দেখা শেষ হলে বাবা ছোটদের প্রশ্ন করেন ক'টা ঠাকুর দেখা হয়েছে, যে সঠিক উত্তর দিতে পারে তাকেই দেওয়া হয় সুন্দর উপহার।

বিজয়া দশমী অম্ল–মধুর দিন। পূজো শেষ, আনন্দও শেষ। প্রতিমা বিসর্জন দেখার অনুমতি নেই কিন্তু বাড়ীর আনন্দও তো কম নয়। এই দিন গানের আসর বসে। তাতে দাদা–দিদি বাড়ীর বন্ধুরা সবাই অংশগ্রহন করে। মা'ও লুচি ভাজতে ভাজতে গলা মিলিয়ে যান। সবশেষে লুচি তরকারী মিষ্টি দিয়ে আসরের সমাপ্তি ঘটে।

বিয়ের পাঁচ বছর বাদে দীপা আবার পূজোতে বাপের বাড়ী যাবার প্রস্তুতি নিচ্ছে। কিন্তু এবারের অকাল বোধন বাধ সাধছে। প্রচন্ড বৃষ্টি, থামার নামগন্ধ নেই। কখনো কখনো ভাবছে টিকিট ফিরিয়ে দেবে কিন্তু মায়ের মুখটা মনে করে কিছুতেই না যাওয়ার কথায় মন সায় দিচ্ছে না। নাতি–নাতনী মেয়ে – জামাই সবার আগমনের কথা ভেবে মা যে কত পরিশ্রম করছেন সেটা দীপার অজানা নয়। অগত্যা অনেক কাঠখড় পুড়িয়ে দীপা পূজোর দুই দিন আগে পৌঁছলো। ঢুকেই দেখলো মা শুয়ে আছেন। গায়ে প্রচন্ড জ্বর। শ্বাস নিতে পারছেন না। সবাই হতবাক। বাবা বোল্লেন, মা নাকি ভিজে ভিজেই সবার জন্য জামা–কাপড় কিনেছেন। নাতি–নাতনী মেয়ে জামাইয়ের জন্য খাবার দাবারেরও আয়োজন করেছেন। এতদিন পরে সবাই আসছে তাই সবাইকে নিয়ে নাকি ভীষণ আনন্দ করবেন এবার। নিমোনিয়া হয়েছে। দীপা কি করবে ভেবে পাচ্ছেনা। মাকে এমনভাবে কখনো শুয়ে থাকতে দেখেনি সে। বুঝতে পারছে এসব নিজের প্রতি অতিরিক্ত অত্যাচারের ফল। সারাক্ষণ মায়ের পাশেই বসে রইলো। ডাক্তারের নির্দ্দেশ অনুযায়ী ওষুধ–পথ্য দিয়ে চললো। মা কথা বলতে পারেননা। শ্বাসের খুব কষ্ট, তাই নিয়েই মাঝে মাঝে নিবু নিবু চোখে চেয়ে কি যেন বলতে চান, আবার চোখ বন্ধ করে ফেলেনে। দীপার কান্না পায়। মা তার কোন্ শেষ কাজের কথা বলে যেতে চান কে জানে। পরে মা আর তাকালেন না, কথাও বললেন না। অষ্টমী পূজোর পর মা চলে গেলেন তাঁর সব কাজ ফেলে। পাশে রইল নিত্যসঙ্গী চাবির গোছা। দীপা মা'কে লাল পাড় শাড়ী পরালো, কপালে সিঁদুরের টিপ। কাঁদতে কাঁদতে বোল্ল, তোমাকে খুব সুন্দর ঠাকুর ঠাকুর দেখতে লাগছে মা, প্রতিমা হয়ে উঠেছো তুমি, ঠিক যেন দুর্গা প্রতিমা। একটু পরেই তোমার বিসর্জন হবে। কিন্তু অষ্টমীতেই মায়ের বিসর্জন? পুজোর আর বাকী রইলো কি? মা ভাইদের কাধে চড়ে চলেছে। মায়ের শাড়ীর আঁচল পত পত করে বাতাসে উড়ছে। মা চলেছেন আর চলেছেন, কোন্ সুদুরে কে জানে? ডুক্‌রে কেঁদে উঠলো দীপা নিজের অজান্তেই। হঠাৎ স্বামী অলোকের ডাকে চমকে উঠলো। অলোক বোল্ল এতক্ষণ কি ভাবছিলে? মেয়ের ফোন এসেছে ওরা আজ রাতে আসছে। ধীর পায়ে এগিয়ে চললো সে ভাবছে মায়ের মতো এত কাজ কোথায় তার? শুধু বাজার থেকে বার্গার, পিজা, সসেজ, কাবাব ইত্যাদী এনে ফ্রিজ ভরতে হবে। অলোকের দিকে তাকিয়ে বোল্ল আজ বেরোতে হবে।

বি.এস.পি.সি'র উদ্যোগে প্রথম শ্রী শ্রী শ্যামা পূজা

স্থানঃ **শ্রী শ্রী দেবী দুর্গা দেবাস্থানম**
21-23 Rose Crescent Regents Park
তারিখঃ **শণিবার ১৭ই অক্টোবর ২০০৯**

সুখবর! সুখবর!! সুখবর!!!

ইতিমধ্যেই শ্রী শ্রী শ্যামা প্রতিমা আমাদের মাঝে পৌঁছে গেছে।

আপনারা সপরিবারে ও সবান্ধবে আমন্ত্রিত।

Puja Pronami

The EC committee has decided the Pronami for this year's Durga Puja is $50 per member family, for Shyama Puja is $30, and $50 for Saraswati Puja. As usual, this is a nominal amount. However, Society is always open to accept any amount a member and devotee wishes to donate.

Deepavoli at NSW Parliament House with partnership of BSPC

Like last few years BSPC will proudly participate in celebrating Deepavoli at NSW Parliament House with other organisations and Hindu temples in NSW on Wednesday 21 October 2009. In this function Hindu community leaders and Priests from various community groups and temples along with NSW Ministers and MPs will attend. BSPC has been a proud member of the official executive committee of this yearly celebration.

Membership Renewal

Members are earnestly requested to renew their membership by paying the subscription at the Durga puja Donation counter. For your information, the membership subscription per year is $25.00.

The Executive Committee highly appreciates your valuable continued contribution in running and driving the Societal activities.

Puja Reunion 2009

As a regular calender activity of the Society our Puja Punormiloni (Reunion) will be held on Sunday 8 November 2009. The venue and program schedule will be circulated on the Shyama Puja day.

A colourful cultural function has been planned with participation from our members and guests artists. Please register your interest with our cultural secretary Mr Dhruba Bhowmik to participate in the cultural function.

Sad News

Society's honourable member Mr Tapash Saha's father Budhar Chandra Saha passed away at around 6:10 am (Bangladesh time) on Tuesday 15th September 2009 at Soharwardi Hosital in Dhaka. He died at the age of 76. He left behind 4 sons and 2 daughters along with grand sons and grand daughters as well as a lot of well wishers.

Society is saddened by the loss and prays for the departed soul for rest in peace.

কাঁই না না, কাঁই না না, কাঁই না না

– অরুণ চক্রবর্তী

দুর্গাপূজা বাঙালির সবচেয়ে বড় সর্বজনীন উৎসব। কিন্তু তারচেয়েও দুর্গাপূজা বড় হয়ে আছে বাঙালির ব্যক্তি জীবনে। 'পূজো মানেই ছোটবেলা'– সবার ক্ষেত্রেই তা সত্য। ছোটবেলার দিনগুলোর পরে যেন আর দুর্গাপূজা আসেনি, এমনটাই মনে হয়। জীবনে যতবার পূজো এসেছে, তা যেন ছোটবেলার বাৎসরিক স্মরণ উৎসব মাত্র।

আমার ক্ষেত্রেও তাই। বাংলাদেশের উত্তর খন্ডের দিনাজপুরে কেটেছে ছোটবেলা। পঞ্চাশের দশকে। তখন না ছিল এত জাঁকজমক, না এত আয়োজন। একচালা দুর্গা ঠাকুর, বিপরীতে একটা মঞ্চ– তাতে পাড়ার বড়রা নাটক করেন, আর মঞ্চের সামনে টানা শতরঞ্চি আর ত্রিপল, তাতে মায়ের কোলে ঘুমে ঢুলে পড়া আমরা ছোটরা। বাইরে পাঁপড় ভাজার কড়াই, চায়ের কেটলি, লাঠিতে জড়ানো রঙিন বেলুনের ফোয়ারা। কিছুটা দূরে দেড়তলা সমান নাগর দোলার চাকা। হুল্লোড় বলতে আকাশে–বাতাসে ছন্দ তুলে তুলে ছড়িয়ে পড়া ঢাক–কাঁসরের মন ভোলানো ঢ্যাং কুড় কুড় আওয়াজ।

নীল আকাশের মেঘের ভেলায় ভেসে ভেসে সেই আওয়াজ ছড়িয়ে পড়ত সারা পাড়ায়, বাড়ির অন্দরেও। ঢাকের বাদ্যির সঙ্গে মা'র গায়ে নতুন শাড়ির গন্ধ, কাকিমার উনোনে নারকেল গুঁড়ো আর চিনির জ্বালের সুবাস, নাস্তিক বাবার মক্কেলদের তড়িঘড়ি ছাড় দেবার তাড়া– এই সব নিয়েই তো পূজো। এখন মনে হয়, ছোটবেলায় পূজোটা আসন পাতে বুকের ভেতর, হৃদপিন্ডের ছন্দে ছন্দে একাত্ম হয়ে। তাই শেষ নিশ্বাসেও সঙ্গ ছাড়ে না ছোটবেলার দুর্গাপূজা। আমার বেলায় তো বটেই। আজও দিনাজপুরের সেই ছোটবেলার পূজোকে বয়ে চলেছি। একই স্রোতে। বাইরের হাজার চমকেও তা পাল্টে যায়নি। একটুও না। ১৪ বছর কলকাতায় আর দীর্ঘ ৩৩ বছর দিল্লিতে কাটানো এই ষাট দশকী শরীরেও বলব সে কথা।

আমার পূজোর ছোটবেলাটাকে ঘিরে আছে ঢাকের বাদ্যি। ছোটবেলা থেকেই নানা শব্দের প্রতি ছিল টান। ফেলে রাখা বাঁশের ডাঁইয়ের ডগায় লাফিয়ে লাফিয়ে রেলগাড়ির শব্দ তোলা, কেরোসিনের টিনে ব্যান্ড বাজানো, থালা আর চামাচে কাঁসর ঘন্টা, চেয়ার টেবিল বেঞ্চ মিলিয়ে জলতরঙ্গ এসব ছিল নেশা। প্রসঙ্গ করত না কেউ, তবে মেজদার হাতে পিটুনি জুটত অনেক। তাই পুজোর সময় ঢাক যে আমার প্রধান ও একমাত্র আকর্ষণ হবে বলাই বাহুল্য। এই একটি সময়ে আমাকে কেউ বকত না। বরং প্রশংসা করত। সন্ধ্যারতির সময় ধুনোর ঘন ধোঁয়ায় যখন দুর্গাঠাকুর আর মা– দু'জনের মুখই আবছা হয়ে যেত, দেখতাম, মা আমার দিকে ঠায় তাকিয়ে আছেন, দুচোখে প্র–শ্রয়ের দৃষ্টি। এমন কি, নাস্তিক বাবাকেও, দূরে, নাটকের মঞ্চের পাশে বসে, আমার বাজনার তালে তালে পা ঠুকতে দেখেছি। আমাকে আর পায় কে?

সত্যি, স্মৃতির প্রথম পূজো থেকে আজ অবধি, এই চৌষট্টি বছরের জীবনে, একটি বার ছাড়া, পূজোতে ঢাক আর কাঠি তুলিনি এমনটা হয়নি, একবারের জন্যও না। ২০০৬ সালের পূজোতে ছিলাম ইংল্যান্ডে, নিউ ক্যাসেলসে। সেখানে ঢাক ছিল না। টেপ ডেক–এ খিন খিন করে বাজছিল ঢাকের সুর।

বোধনের ভোরে আমাদের বাড়ির সামনের ঘন আমবাগানের মাথা ছাপিয়ে ঢ্যাং কুড় কুড় বাজনা ভেসে আসত যখন– চোখে মুখে জল না দিয়েই ছুটতাম মন্ডপে– এ গলি সে রাস্তায় পাক খেয়ে খেয়ে। আতঙ্ক হতো, যদি অপরিচিত ঢাকির দল এসে থাকে! যদি ঢাকে হাত না দিতে দেয়? যে বছর নিশ্চিন্ত ঢাকিদের সামনে দাঁড়িয়ে দাঁড়িয়ে আমার শরীরের সারা আকাশ ভূমি সাগর পাহাড়ে ছড়িয়ে দিতাম আগমনীর সেই আনন্দ ছন্দ। বোলের তালে তালে ঢাকের ময়ূরপুচ্ছ দুলত, লাফাত, ঝুকত – বুক টান করত। মন্ডপের প্রথম ধোঁয়ার মেঘে শরীর আবছা হয়ে এলেও আমার চোখের সামনে ঝকঝক করত ঢাকের মোলায়েম মুখ। মোহিত হয়ে যেতাম।

একবার একেবারেই অপরিচিত এক ঢাকির দল এলো। আমি তখন ক্লাশ ফোর কি ফাইভে। দলটা ভারি। চার–জনের। সঙ্গে আমারই বয়সী একটা মেয়ে। কালো। আমার ছোট বোন শিখার মতো মিষ্টি মিষ্টি দেখতে। শান্ত। মেয়েটার গায়ে শরীরের চেয়ে ঝুলে লম্বা একটা নতুন ফ্রক– কাঁসি বাজায় কাঁই না না, কাঁই না না, কাঁই না না। বাজাবার সময় গলা থেকে বার বার ঝুলে পড়ে ফ্রকের গলা, প্রায় কনুই অবধি।

আমাকে সেবার এই নতুন ঢাকিয়া ঢাকের কাঠিই ছুঁতে দেয়নি, বাজানো তো দূরের কথা। কাঠি ছুঁলেই ধমকে ওঠে। ছোট্ট হাতে ঢাকে চাটি দিলে এমন করে তাকায় যেন জলে গুলে খেয়ে ফেলবে আমাকে। ভয়ে ভয়ে ঘুর ঘুর করি। বেলুন পাঁপড় পটকা–বন্দুক কিছুতেই মন লাগে না। বন্ধুরা ডেকে ডেকে ফিরে যায়।

এভাবেই সেবার ষষ্ঠী কেটে গেল। সপ্তমীর দুপুরে, শালপাতায় দোনায় ভোগের খিচুড়ি নিয়ে কাঁসি–বাজিয়ে মেয়েটার সঙ্গে বন্ধুত্বের চেষ্ঠা ছাড়া উপায় নেই। সেও তেমনি, আমার জামাকাপড় দেখে ভাবল, আমি রাজপুত্র। ড্যাব ড্যাব করে শুধু চেয়েই থাকে। কথা বলে না। খিচুড়িটাও নেয় না। কাঁসির আঙটা করা রশিটা আঙুলে শক্ত করে পেঁচিয়ে রাখে। যেন আলগা করলেই নিয়ে দৌড় দেব।

সপ্তমীর বিকেলে বরফ গলল। মেয়েটা আমার কাছ থেকে পাঁপড় ভাজা নিল। বেলুনটা নিল না। আরতির সময় ওর পাশেই দাঁড়িয়ে ছিলাম। ও বাজাচ্ছিল। হয়তো লোভীর মতো ওর মোটা কাঠি আর হাতে ধরা চকচকে কাঁসির ছন্দের দিকে নিবিষ্ট তাকিয়েছিলাম, একসময় হঠাৎ মেয়েটা আমাকে জিজ্ঞেস করে 'বাজাবা?' আমি প্রায় লাফিয়ে ওর হাত থেকে কাঁসিটা নেই। দেখি, কী ধুম গরম মেয়েটার হাত আর আঙুলগুলো। কাঁসি বাজালে কি এমনটা হয়? মনে মনে ভয় পেলেও বাজাবার আনন্দে সে ভয় আর থাকল না। আমি ঢাকির দলে লাইসেন্স পেয়ে গেলাম। অষ্টমীর সকালে ঢাক বাজাতে পারব এমন একটা আশায় ঝলমল করে উঠল চারপাশ।

হলোও তাই। ঢাক বাজছে সকাল থেকে। সকালে সন্ধিপূজো। গাছের নীচে ঘট বসেছে। সবাই ঘিরে আছে পুরুত ঠাকুরকে। আমিও। ঢাকের বাজনার সঙ্গে সঙ্গে সবার মনেও তালের দোলা। আমার লোভ আমাকে নিয়ে গেল ঢাকিদের গায়ে গায়ে। মেয়েটা তখনো আসে নি। হঠাৎই ঢাকিদের একজন আমার কানের কাছে মুখ এনে বাজনার আওয়াজ ছাপিয়ে জোরে জোরে জিজ্ঞেস করে, 'বাজাবা খোকাবাবু? আমি অবাক। কিছু ভাববার আগেই সে কোমরে গোঁজা কাঁসি আর কাঠিটা তুলে আমার হাতে দেয়। কেল্লা ফতে! ঢাকে প্রোমশন পাবই এক সময়!

সন্ধিপূজোর পর খানেক বিশ্রাম। তারপর শুরু হলো মহাপূজা। ঢাকের ধুন্ধুমার। আমার হাতে কাঁসি। মেয়েটা তখনও আসে নি। এই সময় পাড়ার একজন বড় কেউ এসে ঢাকিদের একজনকে বললেন, 'একটা ঢাক বাদ যাচ্ছে কেন? এই বাবলু তো দারুণ ঢাক বাজায়। ওকে বাজাতে দাও।'

আর অমনি প্রায় বুক সমান উঁচু ঢাকটাকে কাত করে আমি ঢাকিদের একজন হয়ে গেলাম। কাঁসি বাদ। চার ঢাকির বাদ্যিতে মুখর হয়ে উঠল মহা

(১০শ পৃষ্ঠায় দেখুন)

জহরদার বিয়ে

– অশোক রায়

জহরদা দশ দশটি বছর ইউনিভার্সিটিতে পার করে দিল। গত তিন বছর ধরে থার্ড ইয়ারেই আছে। সপ্তাহে অন্ততঃপক্ষে একবার মন্দিরে যায়। অনেক সিড়ি ডিঙিয়ে পাহাড়ের চূড়ায় মন্দিরে যেতে হয়। ইদানিং তার অনেক কষ্ট হয়। শিব ঠাকুরের কাছে প্রার্থনা করে– থার্ড ইয়ারটা পাশ করিয়ে দাও ঠাকুর। মনে মনে ভাবে পাশ করানোর দায়িত্ব সরস্বতীর হলেও, তার বাবা শিব ঠাকুর ভক্তের ডাকে সাড়া না দিয়ে পারবেই না। প্রার্থনা করে– বেয়াড়া শিক্ষকদের সুমতি দাও, ঠাকুর। মাস দুয়েক পর পরীক্ষা এল। ঘুম কাতুরে জহরদা চোখ রগড়াতে রগড়াতে পরীক্ষার হলে ঢুকে। ঠাকুরের নামে সব বিষয়ে পরীক্ষা দিল। এবারেও ফেল। সে বিশ্বাস করতে পারে না। মনে মনে শিক্ষকদের গালি দিতে থাকে আর কারও কারও ঠ্যাং ভেঙে দেয়ার প্রতিজ্ঞা করে।

একবার ইন্টারন্যাল কম্বাসশন ইন্জিনের পরীক্ষায় এক প্রশ্নের উত্তরে ডিজেল ইঞ্জিনের এফিসিয়েন্সি একের বেশী হওয়ায় জহরদা লিখলেন Note- Common sense is a sense which is uncommon for a common person. যিনি প্রশ্ন করেছিলেন তিনি রেগে জহরকে ডেকে পাঠালেন। শিক্ষক মহোদয় অনেক শাসালেন, বললেন– তুমি জীবনে কিভাবে পাশ কর তা আমি দেখে নেব। উত্তরে আমাদের জহরদা সাহসের সাথে বললেন– আমার বংশধর সূর্যসেনের সহযোদ্ধা ছিলেন, জালালাবাদ পাহাড়ের যুদ্ধে জীবন দিয়েছেন আর আপনি আমাকে দেখান পাশ–ফেলের ভয়। এর পর থেকেই সব ছাত্রের মুখে মুখে জহরদার বীরত্বের কাহিনী প্রচার হতে লাগলো।

পরীক্ষার পর ছুটিতেও জহরদা বাড়ী যায় না। এবার তাকে পাশ করতেই হবে। একদিন জহরদার স্কুল শিক্ষক বড়দা এসে বললেন– বাবার হুকুম অনুযায়ী তোর জন্য পাত্রী দেখা হয়েছে, বয়স হয়েছে আর না করতে পারবি না। জহরদা না করতে পারলো না, বললো– 'তোমরা যা ভাল বুঝ কর'।

জহরদার কিছু বর্ণনা দেয়া যাক। তার গায়ের রং বেশ কালো। নিয়মিত গঞ্জিকা সেবনের ফলে গালের দুপাশ ভেঙে ভিতরে ঢুকে গেছে। শরীর তার কংকালসার। থার্মোডাইনামিক্সের কঠিন কঠিন অংক করার চেষ্টায় মাথায় চুল নাই বললেই চলে।

জহরদা মনে মনে বেজায় খুশী। শোনা গেল কনের বিয়েতে মত নেই। তবে কনের বাবা–মা হবু ইঞ্জিনিয়ার বর হাতছাড়া করতে রাজী নয়। উঁচু বংশ, ছেলে ভাল আর কি চাই। শুধুমাত্র দু'টো সমস্যা, মেয়ের তুলনায় জহরদার বয়স ঢের বেশী, আর পাশ করতে একটু বেশী সময় নিচ্ছে এই যা। কনে পক্ষের অভিমত, এসব তুচ্ছ ব্যাপার। বিয়ের আয়োজন ধুমধামের সাথে শুরু হয়ে গেল। হলে হলে সাড়া পড়ে গেল জহরদার বিয়ে। ভাবটা এরকম– কে কে যাবি আয়। জহরদা তার ঘনিষ্ট জনদের নিমন্ত্রন শুরু করে দিল। অনেকেই বলতে লাগল– জহরদা আপনার বিয়েতে নিমন্ত্রনের অপেক্ষা করবো না– চলে আসবো। জহর বলে অবশ্যই, অবশ্যই আসবা।

বিয়ে হচ্ছে চাঁটগা শহর থেকে মাইল পাঁচেক দূরে, কনের পিত্রালয়ে। যথাসময়ে শুভলগ্নে বিয়ে শুরু হয়ে গেল। বরযাত্রী অনেকেই বললো– হোক না আমাদের জহর কালো, শ্রীকৃষ্ণও তো কালো। ব্রাহ্মণ, যিনি বিয়ে পড়াচ্ছেন তিনি অতিশয় পন্ডিত ব্যক্তি বোঝা গেল। শুদ্ধ উচ্চারনে, উঁচু কণ্ঠে বিয়ের মন্ত্র বলে চলেছেন–যদিদং হৃদয়ং... ইত্যাদি। হঠাৎ ব্রাহ্মণের চোখ পড়লো কনের দিকে। মাথা নিচু করে বসে আছে, কোন মন্ত্রই উচ্চারণ করছে না। আর এদিকে বরের কপাল ও মুখে সাদা সাদা চন্দনের ফোঁটা দিয়ে সাজানোয় আরও বেশী কালো মনে হচ্ছে। ব্রাহ্মণ কনেকে মন্ত্র উচ্চারণের সুরে সুরেই রাগের স্বরে বললেন– রক্ত বর্ণ পুয়া এবা দেখ্‌খো না। কনে এবার মাথা নিচু করেই স্পষ্ট ভাবেই বললো– নো দেখ্‌কি। ব্রাহ্মণ আবারও বললেন– রক্ত বর্ণ পুয়া এবা দেখ্‌খো না। কনে এবার রেগে বল্‌লো– নো দেখ্‌– কি। ব্রাহ্মণ আবারও মন্ত্রের সুরে তবে বেশ উঁচু কণ্ঠে সুরেসুরে বললেন– ওবা মায়েপুয়া, দেখ্‌কো বলে ক। কনে মাথা নিচু করেই থাকলো। এভাবেই আমাদের জহরদার বিয়ে হয়ে গেল। কনে খুশী হোক না হোক, জহরদা খুশী, আমরাও খুশী।

কাঁই না না, কাঁই না না

(৯ম পৃষ্ঠার পর থেকে)

অষ্টমীর মহাপূজা। সবাই ঘিরে দাঁড়ালো আমাকে– আমার মাথায় কানে আর হাতে যেন যাদুর ছোঁয়া। সবাই বাহবা বাহবা করতে লাগলেন। কে একজন দাদা কাঁসি নিয়ে ঢাকের তালে তালে আমাদের মাঝখানে কোমর দুলিয়ে দুলিয়ে মেতে উঠলেন। মা সেখানে ছিলেন না তখন, বাবাও না। তাহলে আনন্দটা আকাশ অবধি ছুট লাগাত।

সেদিন মহাষ্টমীর পূজোর শেষে সব শান্ত হলে বাড়ি গেলাম। মন্ডপে ফিরতে ফিরতে দুপুর। ভোগ খাব। আড় চোখে দেখি, চার ঢাক, কিন্তু তিন ঢাকি। কাঁসিটা চিৎ হয়ে আছে। সেই দাদাটা সামনে, বললেন, 'বাবলু, তুই আবার ঢাক বাজাবি। হরনাথ তো হাসপাতালে। ও আজ আসবে না। ওর মেয়েটার পক্স হয়েছে। স্মল পক্স হয়েছে। স্মল পক্স। ভেরি ডেঞ্জারাস।'

চমকে উঠি। জানতাম, স্মল পক্স খুব খারাপ। মানুষ মরেও যায়। ভয় পেয়ে গেলাম। মনটাও খারাপ হয়ে গেল। সকালে ঢাক বাজাবার সময় বার বার মেয়েটার মুখটা মনে পড়েছিল। ইচ্ছে হচ্ছিল, ওকে দেখাই, আমার হাতের যাদু।

কিন্তু দশমী অবধি মেয়েটা বা তার বাবা –ঢাকি আর এলো না। পরের বছরও না। পরের বছর এসেছিল আর এক নতুন দল, সঙ্গে কাঁসি বাজিয়ে একটি ছেলে। সেই মেয়েটা আমার ঢাক বাজানো কোনদিন দেখতে পায় নি। পাবেও না।

আজো, প্রতি বছরই ঢাকের কাঠি ছুঁই, ঢাক বাজাই। কিন্তু কাঁসিতে তাল বাজাইনি আর। যখন ঢাক বাজাই, কানে বাজে মেয়েটার কাঁসির বোল– কাঁই না না, কাঁই না না, কাঁই না না....

বাংলা সাহিত্যে Parody (ব্যাঙ্গাত্তক) গানের স্থান

– ডঃ সন্তোষ কুমার রায়

বাংলা গান ও কবিতায় কবে থেকে যে Parody স্থান পেয়েছিল তা আমার অজানা। তবে এটা স্থান করে নিয়েছে সকলের অলক্ষেই। এ বিষয়ে কেউ কোনদিন চিন্তাও করেনি যে এটা একটা গবেষণার বিষয়বস্তু হতে পারে বা গবেষণার ফল জনসমক্ষে তুলে ধরা যাবে। Parody কবিতা বা গান কোন জনপ্রিয় গান বা কবিতাকে ব্যঙ্গ বা বিকৃতি করে লেখা হলেও তা বেশ সৃজনশীলতার পরিচয় বহন করে। আর তা অনেক সময় অনাবিল আনন্দেরও উৎসস্বরূপ।

আমার এ ক্ষুদ্র প্রয়াস কোন সৃজনশীলতার পরিচয় না দিলেও Parody কে সংকলন আকারে জনসমক্ষে তুলে ধরছি। শুধু স্মৃতির উপর নির্ভরশীল বলে অনেক ভুলভ্রান্তি থাকাও বিচিত্র নয়। ভুলভ্রান্তি সহ মৌলিক রচনার অংশবিশেষ হলেও একেবারে হারিয়ে যাওয়ার হাত থেকে সাহিত্যের এ দিকটা কিছুটা হলেও রক্ষা পাবে। আর তাই রামসুন্দর বসাক–এর 'বাল্যশিক্ষা'–র 'প্রভাত বর্ণন' দিয়েই শুরু করছিঃ

পাখিসব করে রব রাতি পোহাইল
গোয়ালারা গোহালে গাভী দোহাইল।
রাখাল গরুর পাল লয়ে যায় মাঠে
সেলুনে বসিয়া বাবু দাড়ীগোঁফ চাঁছে।।
ফুটিল রান্নার হাড়ী সৌরভ ছুটিল
খিচুরীর লোভে কুত্তা আসিয়া জুটিল।
শীতল বাতাস বয় কাপায় শরীর
প্রকৃতির ডাকে হয় পয়োঘরে ভীড়।।
উঠে শিশু মুখ ধুয়ে মুড়ি খায় বেশ
পড়া রেখে খেলাতে করে সে নিবেশ।।

পরবর্তী Parody–টি হলো কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত 'উর্বশী' কবিতাকে নিয়ে। খুব সম্ভবত শরবিন্দু মুখোপাধ্যায় এটার Parody করেছিলেন। তার অংশবিশেষ এরূপঃ

নহ মাতা, নহ পিসি, নহ শিশু, নহ না বালিকা
হে অনন্ত যৌবনা শালিকা।
উষ্ঠে যবে আলতা দিয়া ভালে পড় খয়েরের টিপ
চাহিয়া তোমার পানে বুক মোর করে টিপ টিপ।
মনে হয় কেন আমি হলামনা দিল্লির বাদশা–
অথবা কূলীনপুত্র – গুষ্টিশুদ্ধ করিয়া বিবাহ
জীবন নির্বাহ করিতাম মহাসুখে– কুসুমে কুসুমে
পরিমল চুপে।
কোনকালে ছিলে কিগো পিলেরোগা
কাঁদুনে বালিকা
হে সর্বদা হাসিনী শালিকা–
চাহিয়া তোমার পানে অঞ্চল রহে আঁখিতারা –
ভায়রা ভায়ের জন্যে ভাবি ভাবি চিত্ত আত্মহারা
বহে অশ্রুধারা।

১৯৫২ সালের ভাষা আন্দোলন পরবর্তী তৎকালীন পূর্বপাকিস্তানের মূখ্যমন্ত্রী খাজা নাজিমুদ্দিন সাহেব ঢাকায় এসে ভীষন ছাত্র বিক্ষোভের সম্মুখীন হন। সদরঘাট থেকে গুলিস্তান যেতে ছাত্র মিছিল ছত্রভঙ্গ করতে পুলিশকে কাঁদুনে গ্যাস সহ কয়েক রাউন্ড গুলিও চালাতে হয়। আর এ নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা কবিগুরুর বিখ্যাত 'সোনারতরী' কবিতার Parody করে পোষ্টার ছাপিয়েছিল। সে কবিতাটা আমি অনেক চেষ্টা করেও উদ্ধার করতে পারিনি তবে একটা লাইন আমার মনে আছে, সেটি হলঃ

বারেক চালাও গুলি ঢাকাতে এসে –

এর পরের কবিতাটা ঠিক Parody না হলেও Parody–র মত করেই লেখা। ষাটের দশকের প্রথম দিকে মন্দা ও বেকারত্বের ভারে পশ্চিমবঙ্গ যখন বিপর্যস্ত তখন সাপ্তাহিক 'নবকল্লোল' পত্রিকায় এ কবিতাটা বেড়িয়েছিলঃ

বাড়ছে দাম– অবিরাম
চালের, ডালের, তেলের, নুনের
হাড়ীর, বাড়ীর, গাড়ীর, চুনের।
আলু সাঙ্গা বালু মাঙ্গা
কাপড় কিনতে লাগে দাঙ্গা
বাড়ছে যে দাম হুহু করে, সব কিছুর,
আঁখের, শাকের, কাঠের, পাটের, আম লিচুর।
অভাব শুধু নাই মানুষের – চাই কত মন,
চাই কত সের,
আন্ডা চাও, বাচ্চা চাও, জোয়ান–বুড়ো,
আসল ফাও।
চাহিদা নাই মানুষগুলার –
কেবলই তার নামছে বাজার।।

ব্যাঙ্গাত্তক হলেও কবিতার বানী স্থান, কাল নির্বিশেষে অতীব সত্য। ভাল মানুষের দাম সব সময় কমতিরই দিকে।

এবার Parody গানের কথায় আসা যাক। অনেকে গানকে নিজের জীবনের সাথে খাপ খাইয়ে নেয়ার জন্যে বা ভালবাসার মানুষটাকে না পেয়ে প্রতিহিংসা চরিতার্থ করার প্রয়াস পেত Parody–র মাধ্যমে। এরূপ একটা Parody হলো সতীনাথ মুখোপাধ্যায়ের গাওয়া 'জীবনে যদি দ্বীপ জ্বালাতে নাহি পার' গানটি। Parody আকারে গানটি এরূপঃ

জীবনে যদি দ্বীপ জ্বালাতে নাহি পার
সমাধি পরে মোর হারিকেন জালিয়ে দিও–
এখনও দুরে আছি তাই তো বুঝনা
তুমি যে আমার কত অপ্রিয়।
সত্য যদি বলিতে পারিতাম
দেখতে তুমি ওগো নাই তোমার কোনই দাম
আমি আজ সসহায় –এ যদি মোর অপরাধ
ক্ষমা তুমি না করিও।।
আজ চিরতরে চলে যাচ্ছি আমি
তোমার ভুল নিয়ে বসে থাক তুমি,
এ ভুল ভাঙ্গাতে আসবোনা আমি হায়
শুধু রোদনই হবে তোমার করনীয়।।

এরকম আর একটি Parody হলো প্রয়াত দীলিপ বিশ্বাসের করা প্রতিমা বন্দোপাধ্যায়ের গাওয়া 'একটি গান লিখ আমার জন্য'। গানটি দীলিপ বিশ্বাস Parody করেছিলেন এরূপেঃ

একটি বর দেখ টেপীর জন্য
না হয় টেপী হলই বা অতিশয় জঘন্য...।
সে বর যেন fielding মারার hero হয়
সে বর যেন চটাং চটাং কথা কয়
টেপী যেন হয় তাকে নিয়ে ধন্য...।
একদিন টেপী রাতে উধাও হয়ে যায়
পরে তাকে TSC তে পাওয়া যায়
TSC তে রাত কাটিয়ে টেপী হল ধন্য।
টেপীর মায়ে আজ বরই বেকায়দায়
টেপীকে যে ঘরে বেধে রাখা দায়
তাই একটা বর দেখ টেপীর জন্য
না হয় টেপী হলই বা অতিশয় জঘন্য।।

আমাদের ছাত্রাবস্থায় আরেকটি বিখ্যাত Parody ছিল সিনেমার গান 'আকাশের হাতে আছে একরাশ নীল' এর সুরে সিনেমার নায়ক নায়িকাদের নিয়ে। এ গানটি তখন ছাত্রদের মুখে মুখে ফিরত। গানটি এরূপঃ

সুজাতার হাতে আছে একরাশ নীল
আজীমের আছে কিছু গন্ধ,
নাদিমের চেহারায় জ্বলে জোনাকী
শাবানার বুকে মৃদু ছন্দ।
জানে নাত কবরী কি হবে তাহার
চিত্ত চৌধুরী যে খুলে না তার দ্বার
জানেনা কেমন করে বলবে।
কোন সে খেয়ালে ভেসে চলবে
বলি বলি করেও তার বলা হলোনা
জানেনা কিসের এত দ্বন্দ।।

বলা বাহুল্য গানটির Parody হয়েছিল দু'ছেলের জনক চিত্ত চৌধুরীকে ছেড়ে লন্ডন প্রবাসী সারওয়ার হোসেনকে কবরীর বিয়ে করার অনেক আগেই।

